

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৩/২০১৬

অভিযোগকারী : জনাব ওসমান গণী  
পিতা-ইছহাক মিঞা  
ওয়াহিদের পাড়া  
গ্রাম ও ডাকঘর-চরম্বা  
থানা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম।

প্রতিপক্ষ : জনাব নুরুল ইসলাম  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
থানা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১০-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ১৭-০৮-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব নুরুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, থানা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) না থাকায় উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) এম. এইচ. নুরুল আলম চৌ: আদর্শ উচ্চ বিদ্যালয়ের সহঃ শিক্ষক (বিজ্ঞান) জনাব ওসমান গণীর একই স্কুলের প্রধান শিক্ষক জনাব আবদুর সবুর এর বিরুদ্ধে বিগত ০৯/০২/২০১৫ ইং জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর অভিযোগের প্রেক্ষিতে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব নুরুল ইসলাম কে দেওয়া তদন্তের নির্দেশ অনুসারে ঘটনার সময় উপস্থিত (০৪) চারজন শিক্ষক/শিক্ষিকা কে তলব করে তাদের নিকট থেকে যে লিখিত মতামত নিয়েছিলেন (অভিযোগের ব্যাপারে) উক্ত লিখিত মতামতের অনুলিপি/লিখিত/ ফটোকপি/জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কে দেয়া তদন্ত রিপোর্টের ফটোকপি।

খ) অধিকন্তু বিগত ১০/০৬/২০১৩ ইং এবং ০২/১২/২০১৪ ইং তথ্য অন্যান্য সম্মুখ ও লিখিতভাবে অভিযোগ (উল্লেখিত অভিযোগসহ জোরপূর্বক স্বাক্ষর নেওয়া ও আর্থিক লেনদেন সংক্রান্ত) করার পর (ভুক্তভোগী কর্তৃক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক গৃহিত পদক্ষেপের তথ্য/অনুলিপি/লিখিত।

২। আবেদনের প্রেক্ষিতে ১৯-০২-২০১৫ ইং তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ নুরুল ইসলাম স্মারক নং উমাশি/লোহা/চট্ট/২০১৫-২০১৬/১৭ মূলে অভিযোগকারীকে জবাব প্রদান করেন। উক্ত জবাবে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ১৪-১০-২০১৫ তারিখে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম, বাংলাদেশ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৪-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সময়ের আবেদন করে গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর সময়ের আবেদন মঞ্জুর করে পরবর্তী ১৯-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৫। শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার গরহাজির থাকায় ১০-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

- ৬। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। এর পরিপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে স্মারক নংঃ উমাশির্জ/লোহা/চট্ট/২০১৪-২০১৫/১৭১ তারিখঃ ১৮/০৫/১৫ এর মাধ্যমে সরবরাহ করেন। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তথ্য সম্বলিত প্রতিবেদন সঠিক নয় মর্মে অভিযোগকারী কমিশনের নিকট অভিযোগ করেন।
- ৭। প্রতিপক্ষ জনাব নুরুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), থানা - লোহাগাড়া, জেলা- চট্টগ্রাম গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি।

### পর্যালোচনা

অভিযোগকারীর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্য স্মারক নংঃ উমাশির্জ/লোহা/চট্ট/২০১৪-২০১৫/১৭১ তারিখঃ ১৮/০৫/১৫ এর মাধ্যমে সরবরাহ করেছেন। পর্যালোচনান্তে আরো দেখা যায় যে, অভিযোগকারীর চাহিত সকল তথ্য সরবরাহ করা হয়েছে বিধায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত

অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করা হয়েছে মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হওয়ায় উল্লিখিত পর্যালোচনান্তে অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার